রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, আগস্ট ১৯, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০২ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ/ ১৭ আগস্ট, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নম্বর ২৯৪-আইন/২০২৬।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীন বন অধিদপ্তরের আওতায় বাস্তবায়িত বাংলাদেশের জীববৈচিত্র্য সংরক্ষণ ও ইকোট্যুরিজম উন্নয়ন শীর্ষক প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত জনবলের চাকরি নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) "নিয়মিতকরণ" অর্থ রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদায়নকৃত প্রকল্পের কোনো কর্মচারীর চাকরি নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিতকরণ;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মচারী;


মূল্য : টাকা ৮.০০

(ঙ) "প্রকল্প" অর্থ তফসিলের কলাম (১) এ উল্লিখিত প্রকল্প;

(চ) "প্রকল্পের কর্মচারী" অর্থ প্রকল্পের কোনো পদে নিয়োগপ্রাপ্ত হইয়া প্রকল্প সমাপ্ত হইবার তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে চাকরিরত ছিলেন এইরূপ কোনো কর্মচারী;

(ছ) "প্রকল্পের চাকরিকাল" অর্থ প্রকল্পে যোগদানের তারিখ হইতে প্রকল্প সমাপ্তির তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে কর্মরত কোনো কর্মচারীর চাকরিকাল;

(জ) "রাজস্ব বাজেটের পদ" অর্থ প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত কোনো পদ; এবং

(ঝ) "সাময়িকভাবে পদায়নকৃত" অর্থ প্রকল্পের কোনো কর্মচারীকে রাজস্ব বাজেটের কোনো পদে অস্থায়ীভাব পদায়ন।

৩। **বিধিমালার প্রাধান্য**।—আপাতত বলবৎ অন্য কোনো বিধিমালা, আদেশ বা নির্দেশে যাহা কিছুই থাকুক না কেন, প্রকল্পের কর্মচারীদের ক্ষেত্রে এই বিধিমালার বিধানাবলি প্রাধান্য পাইবে।

৪। **রাজস্ব বাজেটে নিয়মিতকরণ পদ্ধতি**।—(১) প্রকল্পের কর্মচারীকে নিম্নবর্ণিত শর্তে নিয়মিতকরণ করা যাইবে, যথা:—

(ক) তফসিলে বর্ণিত রাজস্ব বাজেটের পদে কর্মরত কর্মচারী, সংশ্লিষ্ট প্রকল্পে নিয়োগের সময় সরকারের প্রচলিত নিয়োগবিধি, নিয়োগ পদ্ধতি বা সংশ্লিষ্ট প্রকল্পের জন্য সরকার কর্তৃক অনুমোদিত নিয়োগবিধি, যদি থাকে, অনুসরণক্রমে নিয়োগপ্রাপ্ত হইয়া থাকিলে; এবং

(খ) উক্ত কর্মচারীর রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণের পূর্বের চাকরির ধারাবাহিকতা থাকিলে এবং চাকরি সন্তোষজনক হইয়া থাকিলে।

(২) রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদায়নকৃত কোনো কর্মচারীর চাকরি সন্তোষজনক হইলে, তিনি অবসরোত্তর ছুটি ভোগরত থাকিলে অথবা অবসর গ্রহণের বয়স উত্তীর্ণ হইলে অথবা মৃত্যুবরণ করিলে তাহাকে ভূতাপেক্ষভাবে, ক্ষেত্রমত, অবসরোত্তর ছুটি, বয়স উত্তীর্ণ বা মৃত্যুবরণের তারিখের পূর্ব তারিখে কার্যকরতা প্রদান করিয়া নিয়মিতকরণ করিতে হইবে।

(৩) কমিশনের আওতাভুক্ত পদে কমিশনের সুপারিশক্রমে এবং কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে নিয়মিতকরণ করিতে হইবে।

৫। **জ্যেষ্ঠতা নির্ধারণ**।—(১) এই বিধিমালার অধীন নিয়মিতকৃত কোনো কর্মচারীর জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে তাহার চাকরি নিয়মিতকরণের তারিখ হইতে গণনা করিতে হইবে।

(২) প্রকল্পে একই তারিখে নিয়োগপ্রাপ্ত একাধিক কর্মচারীর জ্যেষ্ঠতা নিম্নরূপে নির্ধারিত হইবে, যথা:—

(ক) প্রকল্পে নিয়োগের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং, যদি থাকে, এর ভিত্তিতে; এবং

(খ) দফা (ক) এ উল্লিখিত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং না থাকিলে, সেইক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের বৎসরের ভিত্তিতে এবং উক্ত বৎসর একই বৎসর হইলে, সেইক্ষেত্রে বয়সের ভিত্তিতে।

(৩) প্রকল্পে পূর্বে নিয়োগপ্রাপ্ত কোনো কর্মচারী প্রয়োজনীয় কাগজপত্রের অভাবে, যাহা সংশ্লিষ্ট কর্মচারীর ত্রুটির কারণে নহে, একই পদে পরে নিয়োগপ্রাপ্ত কর্মচারীর পূর্বে বা একই সঙ্গে নিয়মিত না হইয়া পরবর্তী সময়ে নিয়মিত হইলে, সেইক্ষেত্রে পরে নিয়মিত হওয়া সত্ত্বেও পূর্বে নিয়মিতকৃত কর্মচারীর উপর তাহার জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

(৪) নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মচারীর নিয়োগের তারিখ এবং এই বিধিমালার অধীন নিয়মিতকৃত কর্মচারীর নিয়মিতকরণের তারিখ একই হইলে, সেইক্ষেত্রে নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মচারী নিয়মিতকৃত কর্মচারীর উপর জ্যেষ্ঠতা প্রাপ্ত হইবেন।

৬। **প্রকল্পের চাকরিকাল গণনা**।—নিয়মিতকৃত কোনো কর্মচারীর ছুটি ও পেনশন সুবিধা নির্ধারণের ক্ষেত্রে তাহার প্রকল্পের চাকরিকাল গণনা করিতে হইবে।

৭। **অসুবিধা দূরীকরণ**।—এই বিধিমালা কার্যকরকরণের ক্ষেত্রে কোনো অসুবিধা দেখা দিলে উক্ত অসুবিধা দূরীকরণার্থে সরকার, এই বিধিমালার সহিত, যতদূর সম্ভব, সঙ্গতি রক্ষা করিয়া, আদেশ দ্বারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

**তফসিল**

**[বিধি ২ এর দফা (খ), (ঙ) এবং বিধি ৪ এর উপ-বিধি (১) এর দফা (ক) দ্রষ্টব্য]**

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীন বন অধিদপ্তরের আওতায় বাস্তবায়িত বাংলাদেশের জীববৈচিত্র্য সংরক্ষণ ও ইকোট্যুরিজম উন্নয়ন শীর্ষক প্রকল্প হইতে রাজস্ব বাজেটে জনবলসহ স্থানান্তরিত পদসমূহ:

| প্রকল্পের নাম | প্রকল্পের মেয়াদ | পদের নাম | পদ সংখ্যা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| বাংলাদেশের জীববৈচিত্র্য সংরক্ষণ ও ইকোট্যুরিজম উন্নয়ন প্রকল্প | আরম্ভ: জুলাই, ২০১১ খ্রি. সমাপ্ত: জুন, ২০১৬ খ্রি. | বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণ কর্মকর্তা | ২৩ টি |
| | | বন্যপ্রাণী গবেষণা কর্মকর্তা | ০১ টি |
| | | ওয়াইল্ডলাইফ রেঞ্জার | ০৮ টি |
| | | হিসাবরক্ষক | ০১ টি |
| | | ডাটা এন্ট্রি অপারেটর | ০৪টি |
| | | জুনিয়র ওয়াইল্ডলাইফ স্কাউট | ১৮ টি |
| | | সর্বমোট = | ৫৫ (পঞ্চান্ন) |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ এহছানুল হক**
সিনিয়র সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd